DEC. 06 2001

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ১ ৬ কলাম ৬

## সার্ক শীর্ষ সম্মেলন

# নেপালের আমন্ত্রণ গ্রহণ করলেন প্রধানমন্ত্রী

আনোয়ার আলদীন ॥ একটানা দু'বছর পর আগামী ৪ঠা জানুয়ারী পর্বত দুহিতা নেপালের রাজধানী কাঠমুন্ডুতে দু'দিনব্যাপী সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এ সম্মেলনে যোগ দিতে তার সফরসূচী চূড়ান্ত করেছেন। গতকাল বুধবার ঢাকা সফররত নেপাল সরকারের বিশেষ দূত নেপালের কৃষিমন্ত্রী মহেশ আচার্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে সার্ক শীর্ষ সম্মেলনে যোগদানের আমন্ত্রণপত্র আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। সর্বশেষ ১৯৯৯ সালে শ্রীলংকার রাজধানী কলম্বোতে দক্ষিণ এশিয়ার ৭টি দেশের সহযোগিতার সেতু বন্ধনের সংস্থা সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। ১১তম সার্ক শীর্ষ সম্মেলন

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## সার্ক শীর্ষ সম্মেলন

(শেষ পৃষ্ঠার পর)

বন্ধ ছিল। এ সময় সার্ক সংশয়ের আবর্তে পতিত হয়। শেষমেশ কাঠমুন্ডুতে অনুষ্ঠিত হতে যাচ্ছে সার্ক সম্মেলন। মাওবাদী গেরিলাদের হামলার মুখে কাঠমুন্ডুতে এখন জরুরী অবস্থা চলছে। সার্ক সম্মেলনে এই জরুরী দশার প্রভাব পড়বে কিনা সে সম্পর্কে নেপাল দূত মহেশ আচার্য বলেন, নেপালে স্বাভাবিক অবস্থা রয়েছে। গতকাল দুপুরে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে সার্ক সম্মেলনে যোগদানের আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানোর সময় মহেশ আচার্য বলেন, নেপাল বাংলাদেশের প্রধানমন্ত্রীকে স্বাগত জানানোর জন্য তার দেশের প্রধানমন্ত্রী ও জনগণ গভীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন। তিনি বেগম খালেদা জিয়াকে জানান, আসন্ন সার্ক শীর্ষ সম্মেলনের প্রস্তুতি পুরোদমে এগিয়ে চলেছে। নেপাল দূত বলেন, পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির প্রেক্ষিতে আঞ্চলিক সহযোগিতার ধারণা গুরুত্ব লাভ করছে। তিনি সার্ক ধারণা প্রবর্তন ও আঞ্চলিক এই সহযোগিতা সংস্থা গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

প্রধানমন্ত্রী নেপালের প্রধানমন্ত্রীকে তার শুভেচ্ছা পৌঁছে দেয়ার জন্য বিশেষ দূতকে আহ্বান জানান। বাংলাদেশ ও নেপালের মধ্যকার সম্পর্ককে 'অসাধারণ' আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সময়ে সূচিত দু'দেশের মধ্যকার সম্পর্ক আগামী বছরগুলোতে উত্তরোত্তর উন্নত হবে। প্রধানমন্ত্রীর সঙ্গে নেপাল দূতের সাক্ষাতের সময় মুখ্য সচিব ডঃ কামাল সিদ্দিকী, পররাষ্ট্র সচিব শমশের এম চৌধুরী এবং নেপালের চার্জ দ্য এফেয়ার্স অরুণ প্রদান ধিতল উপস্থিত ছিলেন।

### পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে নেপাল দূতের বৈঠক

সফররত নেপালের বিশেষ দূত মহেশ আচার্য পররাষ্ট্রমন্ত্রী এম মোর্শেদ খানের সঙ্গে তার অফিসে এক সৌজন্য বৈঠকে মিলিত হন। পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিশেষ দূত মহেশ আচার্য বলেন, আমরা স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে মন্ত্রী ও সচিবসহ বিভিন্ন পর্যায়েও আলোচনা করতে প্রস্তুত। মহেশ আচর্য সার্ক শীর্ষ সম্মেলনে যোগদানের আমন্ত্রণপত্র নিয়ে গতকাল রাত্রে পাকিস্তানের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। সেখান থেকে তিনি ভুটানে যাবেন। শ্রীলংকা সরকারের অপর বিশেষ দূত সার্কের আমন্ত্রণপত্র নিয়ে ভারত, শ্রীলংকা ও মালদ্বীপ সফর করছেন।

নেপাল দূতের সঙ্গে বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী মোর্শেদ খান সাংবাদিকদের বলেন, সার্ক সম্মেলনে আঞ্চলিক নিরাপত্তা, ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ, প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার প্রভৃতি বিষয় আলোচিত হবে।